দৈনিক সংবাদ

তারিখ 01 MAR 1986
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2

অর্ধশতাধিক গ্রেফতার ॥ রোববার থেকে স্বেচ্ছা কারাবরণ

# ধর্মঘটী শিক্ষকরা চট্টগ্রামে আজ অর্ধদিবস হরতাল ডেকেছেন

(নিজস্ব বার্তা পরিবেশক)

বেসরকারী মাধ্যমিক স্কুল শিক্ষকদের ধর্মঘটের সপ্তম দিনে পুলিশ ঢাকা ও চট্টগ্রামে শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ ২৬জনকে গ্রেফতার করেছে। অবশ্য শিক্ষকদের দাবী অনুযায়ী, গ্রেফতারকৃতদের সংখ্যা আরো বেশি। গ্রেফতারের প্রতিবাদে আজ চট্টগ্রামে অর্ধদিবস হরতাল ডাকা হয়েছে।

১৫ ও ৭ দলীয় জোটসহ বিভিন্ন রাজনৈতিক দল এ ঘটনার নিন্দা জানিয়ে শিক্ষকদের দাবী মেনে নেয়া এবং গ্রেফতারকৃতদের মুক্তি দাবী করেছে।

### মুক্তি, নইলে স্বেচ্ছায় কারাবরণ

শিক্ষক সমন্বয় পরিষদ গ্রেফতারকৃত প্রায় অর্ধশত শিক্ষক-শিক্ষিকাকে আজ শনিবারের মধ্যে নিঃশর্ত মুক্তি না দিলে আগামীকাল রোববার সারাদেশে থানায় থানায় উপস্থিত হয়ে স্বেচ্ছা কারাবরণ কর্মসূচী পালনের জন্য শিক্ষক-শিক্ষিকাদের প্রতি আহ্বান জানিয়েছে। সাথে সাথে শিক্ষকদের কারাগারে রেখে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ না করারও আবেদন জানিয়েছে পরিষদ।

### ঢাকায়

পুলিশ গতকাল শুক্রবার দুপুরের দিকে ঢাকা শিক্ষা বোর্ডের সামনে থেকে অবস্থান ধর্মঘটরত ২৩ জন শিক্ষক-শিক্ষিকাকে গ্রেফতার করেছে। তাদের বিরুদ্ধে লালবাগ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে বলে পুলিশ-সূত্রে জানা গেছে।

শিক্ষক সমন্বয় পরিষদের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা শিক্ষা বোর্ডের সামনে অবস্থান ধর্মঘটে অংশগ্রহণকালে খানসাহেব ইউসুফ হাই স্কুলের প্রধান শিক্ষক, পরিষদের মহানগরী সহ-সভাপতি জনাব আবদুল জলিলসহ প্রায় অর্ধশত শিক্ষক-শিক্ষিকাকে পুলিশ গ্রেফতার করেছে। এর আগে বৃহস্পতিবার রাতে শিক্ষক সমিতির সহকারী মহাসচিব খলিলুর রহমান ভুঁইয়া, ওয়েষ্ট এণ্ড হাই স্কুলের প্রধান শিক্ষক আবদুর রশীদ সরকার ও মতিঝিল আইডিয়াল হাই স্কুলের প্রধান শিক্ষক ফয়েজুর রহমান ও কেন্দ্রীয় নেত্রী আয়েশা আখতারকে পুলিশ গ্রেফতার করেছে।

### চট্টগ্রামে

চট্টগ্রাম থেকে আমাদের নিজস্ব বার্তা পরিবেশক গতকাল জানিয়েছেন, শুক্রবার ভোররাত সাড়ে তিনটার দিকে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি জনাব কামরুজ্জামান, সাধারণ সম্পাদিকা হেনা দাস ও চট্টগ্রাম জেলা শিক্ষক সমিতির সভাপতি জনাব নূরুল

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষার সময়সূচী পরিবর্তন হবে না ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী অধ্যাপক এম এ মতিন বলেন যে, শিক্ষকদের অবৈধ ধর্মঘট সত্ত্বেও আগামী ৬ই মার্চ দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীন এস এস সি পরীক্ষা যথা সময়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় সূচীর কোন পরিবর্তন হবে না।

মন্ত্রী গতকাল শুক্রবার বাংলাদেশ কলেজ অব সার্জনস এ্যাণ্ড ফিজিওসিয়ানদের ক্লেলো ক্লাবের উদ্বোধনকালে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

## অর্ধ দিবস হরতাল

(১ম পাতার পর)

হককে পুলিশ গ্রেফতার করেছে।

চট্টগ্রামে শিক্ষক সমিতির দু'দিনব্যাপী জাতীয় সম্মেলনের গতকাল ছিল শেষ দিন। সকালে সম্মেলনস্থলে শিক্ষকদের গ্রেফতারের খবর শুনে শিক্ষকবৃন্দ মুসলিম ইনসটিটিউটে সমবেত হন এবং সেখান থেকে মিছিল করে জেলা পুলিশ দপ্তরে যান। তাদের সাথে ১৫ ও ৭ দলের নেতারা যোগ দেন। পুলিশ কর্মকর্তারা তাদেরকে জানান, ঢাকার সাথে যোগাযোগ করা হবে মুক্তির ব্যাপারে।

বিকেল ৩টায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে আয়োজিত প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন সমিতির ভারপ্রাপ্ত সভাপতি চৌধুরী খোরশেদ আলম। ভাষণ দেন ১৫ দলের নেতা এবিএম মহিউদ্দিন, এ. এম, এম শহিদুল্লাহ, আহসান উল্লাহ চৌধুরী, আবদুল মোমেন ভুঁইয়া, শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদের নূর আহমেদ, ছাত্র সংগ্রাম পরিষদের মোহাম্মদ সেলিম, কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ আখতারুজ্জামানসহ শিক্ষক সমিতির আতাউর রহমান, এটিএম রফিকুল আনোয়ার সিদ্দিকী। বক্তারা অবিলম্বে আটক নেতৃবৃন্দের মুক্তিসহ দু'দফা দাবী মানার আহবান জানান এবং অর্ধদিবস হরতালের কর্মসূচী ঘোষণা করা হয়। এ কর্মসূচীর প্রতি ১৫ ও ৭ দল সমর্থন দিয়েছে।

গতকাল চট্টগ্রামে সম্মেলনে জনাব কামরুজ্জামান ও হেনা দাসকে যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদিকা করে সমিতির ৫৪ সদস্যবিশিষ্ট নতুন কমিটি নির্বাচিত হয়েছে।